

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৬৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আশা আকাজ্ফা ও উদ্বেগ প্রসঙ্গ

الفصل الاول (باب الأمل والحرص)

আরবী

عَن عبد الله قَالَ: خَطَّ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطًّا مُرَبَّعًا وَخَطَّ خَطًّا فِي الْوَسَطِ خَارِجًا مِنْهُ وَخَطَّ خُطُطًا صِغَارًا إِلَى هَذَا الَّذِي فِي الْوَسَطِ مِنْ جَانِبِهِ الَّذِي فِي الْوَسَطِ وَفَقَالَ: «هَذَا الْإِنْسَانُ وَهَذَا أَجَلُهُ مُحِيطٌ بِهِ وَهَذَا الَّذِي هُوَ خَارِجُ أَمَلِهِ وَهَذِهِ الْخُطُوطُ الصِبِّغَارُ الْأَعْرَاضُ فَإِنْ أَحْطَأَهُ هَذَا نَهَسَهُ هَذَا وَإِنْ أَحْطأه هَذَا نهسه هَذَا» . رَوَاهُ البُخَارِيّ

رواه البخارى (6417) ـ (صَحِيح)

বাংলা

ভাষা বিজ্ঞানী আল্লামাহ্ জাওহারী (রহিমাহ্লাহ) বলেন, (الْأَمَلُ) শব্দের অর্থ হলো (الرَّجَاءُ) আশা, আকাজ্জা পোষণ করা এবং তা অর্জনে ডুবে থাকা, মৃত্যু ও পরকালের পাথেয় ও প্রস্তুতি থেকে সম্পূর্ণ অপ্রস্তুত এবং গাফিল থাকা। যেমন আল্লাহর বাণী : (نَرِهُمُ اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ اللَّهُ اللللَّهُ اللللَّهُ اللَّهُ اللللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللللَّهُ الللللَّهُ الللللَّهُ اللللللَّهُ الللللَّهُ اللَّهُ اللَّهُ الللللَّهُ اللللللللَّهُ الللللللِّهُ الللللِّهُ الل

অবশ্য 'ইলম ও আ'মালের জন্য দীর্ঘ আশা, এটা নিন্দনীয় নয়তো বটেই বরং সর্বোসম্মতভাবে প্রশংসনীয়। (মিরকাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩২০ পূ.)

৫২৬৮-[১] 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নাবী (সা.) একটি চতুর্ভুজ আঁকলেন এবং তার মধ্যে একটি রেখা টানলেন যা চতুর্ভূজ পার হয়ে বাহিরে চলে গেছে। অতঃপর মধ্য রেখাটির উভয় পার্শ্বে



অনেকগুলো ছোট ছোট রেখা এঁকে বললেন : (মনে করো, মধ্যের রেখাটি) এটা মানুষ। আর এটা (চতুর্ভূজ) তার বয়সের সীমা, যা তাকে বেষ্টন করে রয়েছে। আর ঐ রেখার বাইরের অংশটি তার আকাজ্জা। আর এ সমস্ত ছোট দাগগুলো তার বিপদ-মুসীবাত (যাতে সে আপতিত হতে পারে)। যদি সে একটি বিপদ হতে রক্ষা পায় তবে পরবর্তী বিপদে আক্রান্ত হয়। যদি সেটা হতেও রক্ষা পায় তবে এর পরেরটিতে আক্রান্ত হয়। (বুখারী)

ফুটনোট

সহীহ বুখারী ৬৪১৭, মুসনাদে আহমাদ ৩৬৫২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৩৪৪, তিরমিযী ২৪৫৪, ইবনু মাজাহ ৪২৩১, দারিমী ২৭২৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ রাসুলুল্লাহ (সা.) - মাটির উপর কিংবা অন্য কোন কিছুর উপর একটি চতুর্ভুজ অংকন করেছিলেন। হায়াতের রেখা দ্বারা বেষ্টিত মানুষের উক্ত বেষ্টনী ভেদ করে বের হওয়া অথবা পলায়ন করা কম্মিনকালেও সম্ভব নয়। কিন্তু তার আশা ও আকাজ্ফা এত শক্তিমান ও দুর্বার যে, ঐ দুর্ভেদ্য হায়াত সীমা ভেদ করে অনেক দূরে পৌঁছে গিয়েছে।

এদিকে বিভিন্নমুখী বিপদ মুসীবাতের রেখাগুলো সারিবদ্ধভাবে তার দু'দিকে অবস্থান নিয়েছে, একের পর এক এগুলো তার ওপর আবর্তিত হয়, একটি থেকে রক্ষা পেলে অন্যটি আক্রমণ ও দংশন করে থাকে। সর্বশেষে কোন একটির আক্রমণ আর প্রতিহত করতে পারে না, ফলে সীমাহীন আশা নিয়ে হায়াতের সীমায় গিয়ে মানুষ মৃত্যুর কোলে ঢলে পড়ে। (মিরক্বাতুল মাফাতীহ, লু'আতুত্ তানকীহ ৮ম খণ্ড, ৪৮৫ পূ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন